দৈনিক ইত্তেফাক

তারিখ 28 DEC 1988
পৃষ্ঠা ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

269

## যথাসময়ে পরীক্ষার ফল চাই

আমি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে একজন ডিগ্রী (পাস) পরীক্ষার্থী। বিগত কয়েক বৎসর যাবৎ অত্র বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশে অনিয়ম পরিলক্ষিত হইতেছে। ফলে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের জীবনে আসে দারুণ হতাশা। কারণ মাত্র এক/দেড় মাসের প্রস্তুতি লইয়া অকৃতকার্য ছাত্র-ছাত্রীরা পরবর্তী বৎসর পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে সজাগ দৃষ্টি দিয়াছেন। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে এক সভায় যথাসময়ে ডিগ্রীর ফল প্রকাশের জন্য শিক্ষকদের তৎপর হওয়ার আহ্বান জানানো হইয়াছে। এই ব্যাপারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট মহলের শুভ দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—টিপু সুলতান, চিওড়া, কুমিল্লা।